গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা রিসোর্স সেন্টার
ফুলতলা, খুলনা
urcphultalakhulna@gmaill.com

**বাংলা:** ইউআরসি, ফুলতলা, খুলনা প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষকদের গুণগত মান উন্নয়নের জন্য ২০০৫ সালে প্রতিষ্ঠিত হয়েছে। এখানে বিষয়ভিত্তিক বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান করা হয়। বাংলা প্রশিক্ষণ তার মধ্যে অন্যতম। উক্ত প্রশিক্ষণটি ৬দিন ব্যাপী হয়ে থাকে। প্রধান প্রধান ট্রেনিং সূচি হলো– ভাষার দক্ষতা, শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক পর্যালোচনা, শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল, মূল্যায়ন কৌশল, শিক্ষকযোগ্যতা, পাঠ পরিকল্পনা ইত্যাদি।

**ইংরেজি:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা এর বিষয়ভিত্তিক ইংরেজি প্রশিক্ষণে ৬দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমন: ভাষা শিখনের প্রকৃতি, বিষয়ভিত্তিক যোগ্যতা, সিএলটি, আইপিটি, এমডব্লিউটিএল, শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা , ক্লাসরুম ল্যাংগুয়েজ, শব্দভান্ডার, ব্যাকরণ শিখন, ভাষার দক্ষতা উন্নয়ন, পাঠ পরিকল্পণার উন্নয়ন, এমসিকিউ ও সিআরকিউ প্রশ্নপত্র উন্নয়ন এবং শিক্ষকদের শিক্ষাগত দক্ষতার উন্নয়ন প্রভৃতি।

**গণিত:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা এর বিষয়ভিত্তিক গণিত প্রশিক্ষণে ৬দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমন: স্থানীয় মান, হাতে রেখে যোগ ও বিয়োগ, সাধারণ ভগ্নাংশের যোগ ও বিয়োগ, সাধারণ ভগ্নাংশের গুণ ও ভাগ, দশমিক ভগ্নাংশের ধারণা ও গুণন, গাণিতিক সমস্যার সমাধান, গ.সা.গু ও ল.সা.গু, পরিমাপ ও অনুশীলন পাঠ, সমতলীয় চিত্রাঙ্কন, ত্রিভুজ, চতুর্ভূজ ও বৃত্ত, জ্যামিতি: ঘনবস্তু ও ঘনবস্তুর নেট, লেখচিত্রের ব্যবহার, যোগ্যতাভিত্তিক অভীক্ষাপদ তৈরি ইত্যাদি।

**বিজ্ঞান:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা এর বিষয়ভিত্তিক প্রাথমিক বিজ্ঞান প্রশিক্ষণে ৬দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমন: শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতার আনুভূমিক ও উলম্ব বিন্যাস, প্রাথমিক বিজ্ঞান শিখন সামগ্রী পরিচিতি, অনুসন্ধান ভিত্তিক বিজ্ঞান শিখন, বিজ্ঞান প্রক্রিয়াকরণ দক্ষতা, বিজ্ঞান শিখন শেখানোর পরামর্শ, পাঠ পরিকল্পনা প্রণয়ন ও উপস্থাপন, বিদ্যুৎ শক্তির নানা ব্যবহার, উদ্ভিদ ও প্রাণি, আবহাওয়া ও জলবায়ু, পৃথিবীর নানা গতি, প্রযুক্তি , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, যোগ্যতাভিত্তিক মূল্যায়ন কৌশল ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়।

**বাংলাদেশ ও বিশ্বপরিচয়:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা এর বিষয়ভিত্তিক বাংলাদেশ ও বিশ্বপরিচয় প্রশিক্ষণে ৬দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমন: শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখন শেখানো সামগ্রী পর্যালোচনা, শিখন শেখানো পদ্ধতি ও কৌশলসমূহ, নির্বাচিত পাঠ্যাংশের শিখন শেখানো পদ্ধতি ও কৌশল নির্বাচন এবং অনুশীলন, শিখন শেখানোর জন্য বিভিন্ন তত্ত্ব ও এ্যাপ্রোচের ব্যবহার, শিখন শেখানোর জন্য সংশ্লিস্ট উপকরণ সনাক্তকরণ, প্রণয়ন, ব্যবহার এবং সংরক্ষণ, ডিজিটাল কনটেন্ট তৈরী ও ব্যবহার, শিখনফলভিত্তিক নৈর্ব্যক্তিক অভীক্ষা প্রণয়ন, শ্রেণি ব্যবস্থাপণা, পাঠ পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়ন, প্রণীত পাঠ পরিকল্পনার আলোকে শিখন শেখানো কার্যাবলী পরিচালনা, প্রণীত পাঠ পরিকল্পনার আলোকে শিখন শেখানোর কার্যাবলীর জন্য প্রস্তুতি গ্রহণ, পাঠ উপস্থাপন ইত্যাদি সম্পর্কে আলোকপাত করা হয়।

**শিক্ষাক্রম বিস্তরণ:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা-তে শিক্ষাক্রম বিস্তরণ বিষয়ক প্রশিক্ষণে ৩দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমনঃ শিখন মূল্যায়নের ধরণ, উদ্দেশ্য, বৈশিষ্ট্য, মূল্যায়নের তথ্য সংরক্ষণ ও রিপোর্টিং, বাংলা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা ও অনুশীলন পাঠ সম্পর্কে পর্যলোচনা, গণিত শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা, অনুশীলন পাঠ, ধর্ম ও নৈতিক শিক্ষা শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা, অনুশীলন পাঠ, ইংরেজি শিক্ষাক্রম , পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা, অনুশীলন পাঠ, সামাজিক বিজ্ঞান শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সহায়িকার ধারণা ও অনুশীলন, শিল্পকলা শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকার ধারণা, অনুশীলন পাঠ, শারীরিক ও মানসিক স্বাস্থ্য শিক্ষাক্রম, শিক্ষক সহায়িকা সম্পর্কে প্রশিক্ষনার্থীদের মাঝে ধারণা প্রদান করা হয়।

**প্রধান শিক্ষকদের লিডারশিপ প্রশিক্ষণ:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা,খুলনা-তে প্রধান শিক্ষকদের লিডারশিপ প্রশিক্ষণে ১৪দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমনঃ আমার স্বপ্নের আদর্শ বিদ্যালয় কেমন হবে? স্বপ্নের আদর্শ বিদ্যালয়ের তুলনায় নিজ বিদ্যালয়ের মূল্যায়ন, উন্নত বিদ্যালয় বিনির্মাণে প্রধান শিক্ষকের নেতৃত্বের গুরুত্ব, আদর্শ বিদ্যালয় বিনির্মাণে একজন প্রধান শিক্ষকের ভূমিকা, নেতা ও নেতৃত্বে আদর্শিক প্রভাব সৃষ্টি ও উদ্বুদ্ধকরণ এর উপর আলোচনা, বুদ্ধিবৃত্তিক উদ্দীপনা সৃষ্টি ও স্বতন্ত্র সহযোগিতা প্রদান, বিদ্যালয় উন্নয়নে লক্ষ্য নির্ধারণ ও টিম বিল্ডিং, বিদ্যালয় উন্নয়নে সক্রিয় অংশগ্রহণ ও লক্ষ্য অর্জন, শিক্ষকের পেশাগত উন্নয়নে ডায়লগ ও মেন্টরিং, শিক্ষক- শিক্ষার্থী ও কমিউনিটির নেতৃত্ব গঠন, মানসম্মত ও অন্তর্ভূক্তিমূলক শিক্ষায় প্রধান শিক্ষকের ভূমিকা, শিখন-শেখানো কার্যক্রমে আইসিটি ব্যবহারে নেতৃত্ব, বিদ্যালয়ের অর্থ ব্যবস্থাপনা, বিদ্যালয়ের তথ্য ব্যবস্থাপনায় আইসিটি (ICT) ব্যবহারে নেতৃত্ব, শিক্ষানুরাগী অভিভাবক ও আলোকিত সমাজ বিনির্মাণে প্রধান শিক্ষক, বিদ্যালয় উন্নয়নে যোগাযোগ কৌশলঃ এসএমসি, পিটিএ ও কমিউনিটির সক্রিয় অংশগ্রহণ নিশ্চিতকরণ, শিক্ষকমান অর্জনে নেতৃত্ব, শিখনক্ষেত্র এবং শিখনক্ষেত্রের গুরুত্ব ইত্যাদি সম্পর্কে আলোকপাত করা।

**নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকগণের প্রাক-প্রাথমিক ইনডাকশন প্রশিক্ষণ:** উপজেলা রিসোর্স সেন্টার, ফুলতলা, খুলনা-তে নবনিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকগণের প্রাক-প্রাথমিক ইনডাকশন প্রশিক্ষণে ১৫দিন ব্যাপী বিভিন্ন ধরণের কার্যক্রম পরিচালিত হয়। যেমন: শিশুর প্রারম্ভিক শৈশবকাল এবং বৃদ্ধি ও বিকাশ, শিশুর বিকাশের ক্ষেত্র, শিশুর বৃদ্ধি ও বিকাশে মূল চাহিদাসমূহ, শিশুর বিকাশে পরিবেশের প্রভাব, শিশুর বৈশিষ্ট্য, প্রতিবন্ধী শিশুদের ক্ষেত্রে করণীয় এবং শিশুর সাথে যোগাযোগ ও ভিন্ন ধরনের আচরণের ক্ষেত্রে শিক্ষকের করণীয়, প্রাক-প্রাথমিক শিক্ষাক্রম ২০২২ও এর পটভূমি, লক্ষ্য, উদ্দেশ্য এবং শিখনক্ষেত্র ও অর্জন উপযোগী যোগ্যতা, প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়নে মূলনীতিসমূহ ও বৈশিষ্ট্য, শিখন-শেখানো সামগ্রী পরিচিতি ও ব্যবহার নির্দেশনা এবং শ্রেণি বাবস্থাপনা, শিশুর শারীরিক ও পেশীজ কার্যক্ষমতা (ব্যায়াম), শারীরিক ও পেশীজ কার্যক্ষমতা (ইচ্ছেমতো খেলা), শারীরিক ও পেশীজ কার্যক্ষমতা (নির্দেশনার খেলা: শ্রেণিকক্ষের ভিতরের খেলা), সামাজিক ও আবেগিক বিকাশের গুরুত্ব এবং কাজসমূহ, ভাষা ও যোগাযোগ (প্রাক-পঠন), ভাষা ও যোগাযোগ (প্রাক-পঠন), ভাষা ও যোগাযোগ (প্রাক - পঠন: বর্ণমালা পরিচিতি ও বর্ণ পঠন), ভাষা ও যোগাযোগ (প্রাক-লিখন ৮ম দিন পূর্ব দিনের পুনরালোচনা দিয়ে শুরু হয়। অত:পর ভাষা ও যোগাযোগ (প্রাক-লিখন), গণিত ও যুক্তির গুরুত্ব এবং কাজসমূহ, শিশুর জন্য খেলনা ও উপকরণ তৈরি এবং সংরক্ষণ, প্রাক-প্রাথমিক শিশুর শিখন অগ্রগতি যাচাইয়ের উদ্দেশ্য, ক্ষেত্র, বৈশিষ্ট্য ও কৌশল, শিশুর শিখন অগ্রগতির পরিমাপক ছক পূরণ এবং সূচক পরিমাপকের ব্যাখ্যা, বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শ্রেণি কার্যক্রম পর্যবেক্ষণ প্রস্তুতির উপর ব্যপক ধারণা প্রদান করা হয়।

০১/০৭/২০২৪
(মোঃ রুহুল আমিন)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
ফুলতলা, খুলনা।